৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 AUG 1998
পৃষ্ঠা ১ কলাম ৭

# চট্টগ্রাম ভার্সিটির বেতন-ফি ১০ ভাগ হ্রাসের সিদ্ধান্ত

**চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার** ॥ গতকাল (শুক্রবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় বর্ধিত ফি শতকরা ১০ ভাগ কমানোর সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। ভিসি অধ্যাপক আবদুল মান্নান ইহাতে সভাপতিত্ব করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি পরীক্ষা সমূহের ও সার্টিফিকেট ফি শতকরা ৫০ ভাগ হইতে ১০০ ভাগ বৃদ্ধি করার ঘোষণা দিলে ছাত্র সংগঠন ও সাধারণ ছাত্র-ছাত্রীদের পক্ষ হইতে প্রতিবাদ জানানো হয়।

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটির

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় ঘোষিত বর্ধিত ফি প্রত্যাহারের দাবীতে ২ দিন ছাত্র ধর্মঘটসহ বিভিন্ন কর্মসূচী পালিত হয়।

গতকাল সকালে সিন্ডিকেট সভা চলাকালে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে বিক্ষোভ প্রদর্শন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি শাহজাহান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা সকল বর্ধিত ফি প্রত্যাহারের দাবী জানায়।

এ সময় শিবিরনেতা আলাউদ্দিনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সিন্ডিকেট সভায় স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে বলা হয়, ছাত্র-ছাত্রীদের দাবী উপেক্ষা করিয়া কর্তৃপক্ষ ফি-এর পরিমাণ দ্বিগুণ বৃদ্ধি করায় মধ্যবিত্ত-গরীব পরিবারের ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন অনিশ্চিত হইয়া পড়িবে। ছাত্র ইউনিয়ন বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে বিক্ষোভ প্রদর্শন এবং সিন্ডিকেট-এ স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপিতে বর্ধিত সকল ফি প্রত্যাহারের দাবী জানানো হয়। পরে নূরুল আবছারের সভাপতিত্বে সিন্ডিকেট সভার বাহিরে এক প্রতিবাদ সভা করা হয়।